

## পরীক্ষার ফি মওকুফ না করায় অধ্যক্ষ

### অবরুদ্ধ

নিজস্ব সংবাদদাতা, পাবনা, ১৬ মে  
॥ সুজানগর উপজেলার দুলাই ডা.  
জহরুল কামাল ডিগ্রি কলেজে দুই  
ছাত্র পরীক্ষার ফি মওকুফের  
দাবিতে অধ্যক্ষের রুমে তালা  
বুলিয়ে তাকে দুই ঘন্টা অবরুদ্ধ  
করে রাখে। শনিবার বেলা ১১টার  
দিকে এই ঘটনা ঘটেছে। অধ্যক্ষ  
আব্দুল লতিফ জানান সকাল সাড়ে  
১০টার দিকে ডিগ্রি ২য় বর্ষের ছাত্র  
আব্দুস সালাম পরীক্ষার ফি  
অংশিক মওকুফের দাবি করে।  
কিছুক্ষণ পরে ডিগ্রি ২য় বর্ষের ছাত্র  
রবিউল ও প্রথম বর্ষের ছাত্র রিপন  
এসে কোন টাকা ছাড়াই পরীক্ষার  
ফি এর রশিদ দাবি করে। অধ্যক্ষ  
অপারগতা প্রকাশ করলে রবিউল  
ও রিপন অধ্যক্ষ ও ডিগ্রির প্রভাষক  
দেলোয়ার হোসেনের উপর চড়াও  
হয়।